# উৎসে মূসক কর্তন সম্পর্কিত উল্লেখযোগ্য আইন ও বিধি ও অন্যান্য বিষয়সমূহ

ধারা-২ [(২১) "উৎসে কর কর্তনকারী সত্তা" অর্থ—

(ক) সরকার বা উহার কোন মন্ত্রনালয়, বিভাগ, বা দপ্তর, আধা সরকারী বা সায়ত্বশাষিত কোন সংস্থা, রাষ্ট্রীয় মালিকানাধীন প্রতিষ্ঠান , স্থানীয় কর্তৃপক্ষ, পরিষদ বা অনুরূপ কোন সংস্থা ;

(খ) এনজিও বিষয়ক ব্যুরো বা সমাজ সেবা অধিদপ্তর কর্তৃক অনুমোদিত কোন বেসরকারি প্রতিষ্ঠান;

(গ) কোন ব্যাংক, বীমা কোম্পানী বা অনুরূপ আর্থিক প্রতিষ্ঠান;

(ঘ) কোন মাধ্যমিক বা তদুর্ধ্ব পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান; বা

(ঙ) কোন লিমিটেড কোম্পানী;[;বা]

(চ) দশ কোটি টাকার অধিক বার্ষিক টার্নওভারযুক্ত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান ।]

ধারা-২ (২২) "উৎসে কর কর্তন সনদপত্র" অর্থ উৎসে কর কর্তন সংক্রান্ত কোন সনদপত্র;

**ধারা-৪৯। উৎসে কর কর্তনকারী সত্তা কর্তৃক উৎসে কর কর্তন ও বৃদ্ধিকারী সমন্বয়।—(১) [ধারা ৩৩ এর বিধানাবলী সত্ত্বেও ] উপ-ধারা (২)** এর বিধান সাপেক্ষে, কোন সরবরাহকারী উৎসে কর কর্তনকারী সত্তার নিকট চুক্তি, টেন্ডার বা কার্যাদেশ বা অন্যবিধ অব্যহতিপ্রাপ্ত বা শূন্য হার বিশিষ্ট নহে এমন সরবরাহ প্রদান করিলে, উৎসে কর কর্তনকারী সত্তা উক্ত সরবরাহকারীর নিকট পরিশোধযোগ্য পণ হইতে বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নির্দৃষ্টকৃত মূসক উৎসে কর্তন করিবে ।]

(২) সরবরাহকারী নিবন্ধিত বা তালিকাভুক্ত না হইলে এবং কর চালানপত্র জারী না করিলে , উৎসে কর কর্তনকারী সত্তা সরবরাহকারীর নিকট হইতে কোন সরবরাহ গ্রহণ করিবে না এবং সরবরাহকারীকে উক্ত সরবরাহের বিপরীতে কোন মূল্য পরিশোধ করিবে না ।[

তবে শর্ত থাকে যে, সরবরাহ গ্রহীতা প্রযোজ্য ক্ষেত্রে অনিবন্ধত বা তালিকাভুক্ত নহে এরূপ ব্যক্তির নিকট হইতে সরবরাহ গ্রহণ করিয়া থাকিলে প্রযোজ্য মূসক পরিশোধে তিনি দায়ী থাকিবেন ।]

[(৩) উৎসে কর কর্তনকারী সত্তা নির্ধারিত শর্ত ও পদ্ধতিতে উৎসে মূসক কর্তণ ও পরিশোধ করিবে ।]

(৪) উৎসে কর কর্তন এবং সরকারি কোষাগারে জমা প্রদানের জন্য উৎসে কর কর্তনকারী সত্তা এবং সরবরাহকারী যৌথ ও পৃথকভাবে দায়ী থাকিবে।

[(৫) কোন প্রকল্পের আওতায় কোন সেবা গ্রহণকারী কর্তৃক প্রদেয় মূল্য সংযোজন কর যদি সেবা গ্রহণকারী বা ক্ষেত্রমত, সেবার মূল্য বা কমিশন পরিশোধকারী ব্যক্তি সবার মূল্য বা কমিশন পরিশোধ কালে নির্ধারিত পদ্ধতিতে উৎসে আদায় বা কর্তৃনপূর্বক সরকারী ট্রেজারীতে জমা করেন এবং উক্ত সেবা সরবরাহকারী ব্যক্তি কর্তৃক উক্ত সমুদয় সেবার অংশ বিশেষ সরবরাহের লক্ষ্যে কোন সাব কন্ট্রাকটর , এজেন্ট বা অন্য কোন সেবা সরবরাহকারী ব্যক্তিকে নিয়োগ করেন , সেইক্ষেত্রে উক্ত সেবা সরবরাহকারীর সাব কন্ট্রাকটর , এজেন্ট বা নিয়োগকৃত অন্য কোন সেবা সরবরাহকারীর ব্যক্তির নিকট হইতে, উক্ত সেবার উপর প্রাথমিক পর্যায়ে প্রযোজ্য মূল্য সংযোজন কর আদায় বা কর্তন এবং সরকারী ট্রেজারীতে জমা প্রদানের দালিলিক প্রমাণাদি উপস্থাপন সাপেক্ষে [মূল্য সংযোজন কর এই ক্ষেত্রে প্রযোজ্য হইবে না বিধায়] পুনরায় উৎসে মূল্য সংযোজন কর আদায় করা যাইবে না

তবে প্রকল্পের আওতায় পণ্য ক্রয়ের ক্ষেত্রে এই বিধান প্রযোজ্য হইবে না ;]

**ধারা-৫০। উৎসে কর কর্তনের পর সরবরাহকারী কর্তৃক হ্রাসকারী সমন্বয়।—**(১) উৎসে কর কর্তন করা হইলে, নিবন্ধিত ব্যক্তি উৎসে কর্তিত অর্থের সমপরিমাণ অর্থ নির্ধারিত পদ্ধতিতে  হ্রাসকারী সমন্বয় সাধন করিতে পারিবেন।

[(২) যে কর মেয়াদে কোন সরবরাহের বিপরীতে মূল্য পরিশোধ করা হয় , সেই কর মেয়াদে বা সেই কর মেয়াদের [পরবর্তী ৩ (তিন) কর মেয়াদে] উক্ত সমন্বয় সাধন করিতে হইবে এবং উক্ত সময়ের পর সমন্বয় দাবি তামাদি হইবে।

[(৩) সরবরাহকারী উৎসে কর কর্তনকারী সত্তা উৎসে কর কর্তন সনদপত্র গ্রহণ ব্যতিত হ্রাসকারী সমন্বয় সাধন করিতে পারিবে না।]

ধারা-৪৯

**বিধি-৩৭। অনিবন্ধিত সরবরাহ গ্রহীতা কর্তৃক উৎসে কর্তিত মূল্য সংযোজন কর পরিশোধ।**

-(১) উৎসে কর্তনকারী সত্তা বিধি ৪০ এর উপ-বিধি (১) এর দফা (চ) এর উপ-দফা (ই) তে বর্ণিত সময়ের মধ্যে উৎসে কর্তিত অর্থ সরকারি কোষাগারে জমা প্রদান করিবেন।

[১][(২) উৎসে কর্তনকারী সত্তা নির্ধারিত শর্ত ও পদ্ধতিতে উক্তরূপ কর্তিত মূসক সরকারি কোষাগারে জমা প্রদানপূর্বক উৎসে কর কর্তন সনদপত্র ইস্যু করিবে।

---

[১] এসআরও নং-১৪০-আইন/২০২১/১৩৭-মূসক, তারিখঃ ০৩ জুন, ২০২১ দ্বারা প্রতিস্থাপিত।

ধারা-৪৯

**বিধি- ৩৮। হিসাবরক্ষন কর্মকর্তা কর্তৃক অনিবন্ধিত সরবরাহ গ্রহীতার পক্ষে উৎসে মূল্য সংযোজন কর কর্তন ও পরিশোধ।-(১)** বিধি ৩৭ এ যাহা কিছুই থাকুক না কেন, ধারা ৪৯ এর উপ-ধারা (৩) এর [* * *] উদ্দেশ্যে পূরণকল্পে, ধারা ২ এর দফা (২১) এ বর্ণিত উৎসে কর্তনকারী সত্তাসমূহের মধ্যে যে সকল অনিবন্ধিত সত্তার লেনদেন বা তৎসক্রান্ত বিল হিসাবরক্ষণ কর্মকর্তা কর্তৃক নিষ্পত্তি হয়, তাহাদের উৎসে মূল্য সংযোজন কর কর্তন ও তাহা সরকারি কোষাগারে পরিশোধ সংক্রান্ত কার্যক্রম সংশ্লিষ্ট হিসাবরক্ষন কর্মকর্তা কর্তৃক সম্পাদিত হইবে।

(২) উপ-বিধি (১) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংশ্লিষ্ট উৎসে কর্তনকারী সত্তা হিসাবরক্ষন কর্মকর্তার নিকট দাখিলকৃত বিলে, যাহার অনুকূলে বিল অনুমোদন করা হইয়াছে তাহার নাম ও ব্যবসায় সনাক্তকরণ সংখ্যা উল্লেখ করিবেন।

(২) উপ-বিধি (২) বর্ণিত বিল পরিশোধের জন্য অনুমোদিত হইলে হিসাবরক্ষণ কর্মকর্তা উহা হইতে প্রযোজ্য মূল্য সংযোজন কর কর্তন করিয়া বুক ট্রান্সফার বা অন্যবিধ স্বীকৃত পদ্ধতিতে সরকাররি কোষাগারে জমা করিবেন।

(৩) হিসাব রক্ষক কর্মকর্তা বিল পরিশোধের ৩ (তিন) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট উৎসে কর্তনকারী সত্তাকে অবহিত করিবেন ও মূসক কম্পিউটারে সিস্টেমে উক্ত তথ্য প্রেরণ করিবেন।

ধারা-৫০

**বিধি- ৩৯। উৎসে কর্তনের পর সরবরাহকারী কর্তৃক হ্রাসকারী সমন্বয়।-** বিধি ৩৮ এ যাহা কিছুই থাকুক না কেন, ধারা ৫০ এর উপ-ধারা (১) এর উদ্দেশ্য পূরণকল্পে, উক্ত ধারার উপধারা (২) ও (৩) এর বিধান সাপেক্ষে কর্তিত মূসকের সমপরিমাণ অর্থ সংশ্লিষ্ট কর মেয়াদের দাখিলপত্রে হ্রাসকারী সমন্বয় সাধন করিবেন।

## আইন ও বিধির আলোকে সংক্ষিপ্ত আলোচনাঃ

- সেবা ক্রয়ের বিপরীতে ক্রেতা কর্তৃক নিজের প্রদেয় মূসক নিজে কেটে রেখে তা সরকারী কোষাগারে জমা করাই উৎসে কর্তন ।
- উৎসে কর্তণকারী সত্বা উৎসে মূসক কর্তণ করতে পারেন ।
- এস আর ২৪০ আইন /২০২১/১৬৩-মূসক অনুযায় ৪৩ টি সেবার বিপরীতে মূসক কর্তন করতে হবে।
- উসে কর্তনকারী সত্বার নিকট পণ্য বা সেবা প্রদানকারীকে যোগানদার বলে। ( উৎপাদনকারী ও সুনিদৃষ্ট সংজ্ঞায়িত সেবা প্রদানকারী ব্যতিত ) ।
- **উৎসে মূসক কর্তনকারী ক্রেতার করণীয় :**

  অ) ৬.৩ এর বিপরীতে সরবরাহ গ্রহণ করতে হবে । অনিবন্ধিত বিক্রেতার নিকট হতে পণ্য ক্রয় করলে ক্রেতাকে মূসক পরিশোধ করতে হইবে ।

  ই) উৎসে কর্তনকারী নিবন্ধিত হইলে কর মেয়াদ সমাপ্তির ৭ দিনের মধ্যে সরকারী কোষাগারে ট্রেজারী চালানের মাধ্যমে জমা করতে হইবে এবং সংশ্লিষ্ট করমেয়াদের দাখিল পত্রে বৃদ্ধিকারী সমন্বয় করতে হইবে ।'

  ঈ) কর্তনকারী অনিবন্ধিত হইলে পণ পরিশোধের ১৫ দিনের মধ্যে নির্ধারিত কোডে টাকা জমা দিতে হইবে ।

  উ) সরকারী কোষাগারে জমা দানের ৩ কার্যদিবসের মধ্যে ৬.৬ এ তিন প্রস্থে উৎসে কর সনদ পত্র ইস্যু করতে হইবে ।

  ঊ) ৬.৬ এর মূল কপি ও ট্রেজারী চালানের মূল কপি সংশিষ্ট মূসক সার্কেলে দাখিল করতে হইবে। একটি অনুলিপি সরবরাহকারীকে এবং অন্য কপিটি ৫ বছর পর্যন্ত সংরক্ষণ করিতে হইবে ।

**সরবরাহকারী বা বিক্রেতার করনীয়ঃ**

- ক্রেতাকে ৬.৩ ইস্যু করিতে হইবে ।
- দাখিল পত্রে প্রদেয় কর এর স্থানে মূল্য এবং মূসক /সুনিদৃষ্ট করের পরিমাণ উল্লেখ করিতে হইবে ।
- ৬.৬ সংগ্রহ করিতে হইবে এবং হ্রাসকারী সমন্বয় করিতে হইবে ।
- মূল্য পাওয়ার পর তা সংশ্লিষ্ট কর মেয়াদ বা পরবর্তী ৩ কর মেয়াদে সমন্বয় সাধন করিতে হইবে নতুবা তামাদি হয়ে যাইবে ।